

## ভাষার অধিকার বিষয়ক জিরোনা (GIRONA) ঘোষণা

*PEN International সারা বিশ্বের লেখকদের সম্মিলন ঘটায়। ২০০১ সনের মে মাসে জিরোনা (Girona)-তে PEN International এর অনুবাদ এবং ভাষার অধিকার বিষয়ক কমিটিতে প্রস্তুত হওয়া, ২০১১ সনের সেপ্টেম্বরে অনুষ্ঠিত PEN International এর ৭৭তম সম্মেলনে এর প্রতিনিধি সভায় অনুমোদিত হওয়া এই ঘোষণাটি PEN International এর ভাষার অধিকার বিষয়ক দশটি মৌলিক এবং নির্দেশনামূলক নীতিমালা।*

1. ভাষাগত বৈচিত্র্য হচ্ছে বিশ্ব ঐতিহ্য যাকে অবশ্যই মূল্যায়ন এবং সংরক্ষণ করতে হবে।
2. সকল ভাষা এবং সংস্কৃতির প্রতি শ্রদ্ধা প্রদর্শন সংলাপ বিনির্মাণ এবং পরিচালন এবং বিশ্বে শান্তি বজায় রাখার ক্ষেত্রে মৌলিক।
3. প্রত্যেক মানুষ কোন একটি জনগোষ্ঠীর মাঝে থেকে কথা বলতে শেখে যে জনগোষ্ঠীটি তাদেরকে জীবন, ভাষা, সংস্কৃতি এবং পরিচিতি প্রদান করে।
4. বিভিন্ন ভাষা এবং বিভিন্ন উপায়ে কথা বলা কেবল যোগাযোগের মাধ্যমই নয়; এগুলো প্রতিবেশ ও বটে যেখানে মানুষ বেড়ে ওঠে এবং সংস্কৃতি বিনির্মিত হয়।
5. প্রত্যেক ভাষাগোষ্ঠীর তার নিজের ভাষাকে নিজের এলাকায় রাষ্ট্রীয় ভাষা হিসাবে ব্যবহার করার অধিকার রয়েছে।
6. কোন এলাকার ভাষাগোষ্ঠীর মৌখিক ভাষার মর্যাদা রক্ষায় বিদ্যালয়ে ব্যবহৃত মাধ্যমকে অবশ্যই অবদান রাখতে হবে।
7. নাগরিকদের বিভিন্ন ভাষা সম্পর্কে সাধারণ জ্ঞান থাকা কাঙ্ক্ষিত, কেননা এটি অন্যের আবেগ ও অনুভূতির সাথে একাল্ম থাকতে, বুদ্ধিঃবৃত্তিক উন্মুক্ততা বজায় রাখতে এবং তার নিজের ভাষা সম্পর্কে গভীর জ্ঞান আরোহণে অবদান রাখে।
8. মানুষের মাঝে পারস্পারিক শ্রদ্ধাবোধ এবং অধিকতর বোঝাপড়ার প্রক্রিয়ায় বিভিন্ন লেখার, বিশেষ করে বিভিন্ন সংস্কৃতির উচ্চমান সম্পন্ন অনবদ্য রচনাসমূহের অনুবাদ খুবই গুরুত্বপূর্ণ উপাদান হিসাবে ব্যবহৃত হয়।
9. ভাষাগত বৈচিত্র্যকে কার্যকরী করার জন্য এবং সুদৃষ্টিভাবে এবং ব্যাপকভাবে এর মর্যাদা বৃদ্ধির ক্ষেত্রে মিডিয়া হচ্ছে বিশেষ অধিকারসম্পন্ন বা উচ্চ ক্ষমতাসম্পন্ন মাধ্যম।
10. স্বীয় ভাষা ব্যবহার এবং সুরক্ষার অধিকার অবশ্যই জাতিসংঘের মাধ্যমে মৌলিক মানবাধিকার হিসাবে স্বীকৃত হতে হবে।